এই বিভাগ/লেখাটি সম্পর্কে আপনার মতামত দিন।

একটি সহজ বইমেলা গাইড

এই বিভাগের সমস্ত লেখা ঈপ্সিতা পালভৌমিক

পরিবারমনস্ক, আধুনিকমনা, বর্ধিষ্ণু বাঙালি পরিবারের জন্য বইমেলা গাইড লিখলেন ঈপ্সিতা পালভৌমিক। পুরোনো বিপনের পাতা ঘেঁটে। বই, প্রকাশনী ও স্টলগুলি একেবারে অথেন্টিক। তবে স্টলনম্বর মিলবেনা। কারণ, বইমেলাটি পুরোনো। এ সেবারের কথা যখন বইমেলা ছিল পার্কসার্কাসে।

আপনি কি ফর্টি প্লাস ? স্ত্রী-পু-কন্যা বেষ্টিত হেপি ফেমিলি ম্যান ? দায়িত্বশীল পিতা ? কর্তব্যপরায়ণ হাবি ?

মার্চের তৃতীয় হপ্তায় ছেলেমেয়ের গরমের ছুটি পড়ার গুণে গুণে ঠিক ষাট দিন আগে আইআরসিটিসি সাইটে গিয়ে বুকিং করেন ? এপ্রিলের দ্বিতীয় হপ্তায় বিমা প্রিমিয়াম ঠিক সময় মতো ভরেন ? ৪ঠা মে গিন্নির জন্মদিন ভোলেন না ? ফ্লুরিস ও অলি জুয়েলর্সকে যথা সময়ে স্মরণ করেন ? জুনে ছেলের জন্মদিন কিম্বা জুলাই তে বিবাহবার্ষিকী বা অগস্টে মেয়ের জন্মদিন এবং সেই সেই উপলক্ষে মাল্টিপ্লেে স্লামডগ মিলিয়নেয়র , আর্সালান, ভজহরি মান্না, বাড়ির পার্টিতে ক্যাটারারের বন্দোবস্ত, সবই গুণে-গেঁথে করে থাকেন ? পুজোর আগের মাসে আপনার প্রতিটা ইউকেন্ড প্যান্টালুন, ওয়েস্ট সাইড, শ্রীরাম আর্কেডে কাটে ? টাটা সুমো ভাড়া পূর্বক শ্যালিকা পরিবার সহ কলিকাতার অলিতে গলিতে ভ্রমিয়া বিনিদ্র নবমী নিশি যাপনের সুবন্দোবস্ত করে থাকেন ?

আপনি কি মনে করে নভেম্বরের পঁচিশ তারিখে ইন্দ্রনীল-ইন্দ্রাণী-মান্না-সন্ধ্যার বাংলা গানের সেকাল ও একাল নিয়ে সারা সন্ধ্যাব্যাপী বিচিনুষ্ঠানের টিকিট কেটেছেন এবং বর্ষশেষের দিনটিতে ল্যারী বাস আর গঙ্গার ধারের বাগানবাড়ি সংলগ্ন পিকনিক স্পট বুক করেছেন ? আর এই গত মাসে, আপিসের স্পোর্টর্সে জিলিপি রেস ও গো অ্যাজ উ লাইকে কন্যার ; ২০০ মিটার ফ্ল্যাট রেস ও হিট দ্য উইকেটে পুরে এবং মিউজিক্যাল চেয়ার ও হাঁড়িভাঙ্গা ইভেন্টে স্ত্রীর নাম ও যথাযথ সময়ে লিখিয়েছেন ?

কী বললেন ? ফেব্রুয়ারিটা মিস করে গেছি ? না , দাদা, আপনার এগারোমাস্যার খবর যখন আমরা রাখি, তখন এও জানি, আপনার মাস্ট ডু লিস্টিতে এই মাসে কী আছে। আপনি দায়িত্বশীল পিতা, কর্তব্যপরায়ণ হাবি এবং তদুপরি, কালচারড নৈকষ্য বাঙালি, ফেব্রুয়ারি মাসে সপরিবারে ইয়ারলি বইমেলা ভিসিট যে তালিকায় থাকতেই হবে সে আমাদের বিলক্ষণ জানা আছে। শুধুমা সেইজন্যই তো বাজারে এসে গেছে আমাদের ওয়ান স্টপ শপ, গুরুচালি। একাধারে আপনার সহমর্মী ও কনসালটেন্ট। এই বইমেলার মরশুমে আপনার কাছে আপনার পারিবারিক চাহিদা, পকেট এবং সময় এই তিনটি প্যারামিটারকে অপটিমাইজ করে আমরা আপনার জন্য নিয়ে আসছি একটি অভিনব ফ্যামিলি প্যাকেজ। সারা বইমেলার সহস্রাধিক স্টল (শিতাধিক বিপন থেকে) থেকে চা পাতার মত বেছে বেছে আমরা তুলে এনেছি তিনখানি স্টল, দুটি পাতা ও একটি কুঁড়ি। এবং সেগুলির থেকে পুনরায় চুন চুন কর বানিয়ে দিচ্ছি একটি বইয়ের লিস্ট, আপনার বাজেট ও সময় সাশ্রয়কারী এই প্যাকেজে।

কি পাচ্ছেন এই প্যাকেজে

এই প্যাকেজে আছে একটু লেকচার ও একটি চোতা। সেগুলি শ্রবণে ও পঠনে কী হবে ? সে তো মশায় বইমেলা ঘুরে এসে আপনি আমাদের বলবেন। কী হবে না, সেগুলির একটা লিস্ট বরং আমরা আপনাকে দিতে পারি।

১। পু-কন্যা ও গিন্নীর মুিখী টানের ভেরের রেজাল্টেন্ট জিরো হবার দরুন আপনাকে প্রবেশগেটের দশ পা দূরেই স্থাণুবৎ দাঁড়িয়ে

থাকতে হবেনা।
২। সে স্থিতিজাড্য ফোর্সফুলি কাটানোর পর আপনাকে আর এই মধ্য মাঘের মধ্য বেলায় ধূলায় ধূলায়, ঘাসে ঘাসে,(ও সরি, ভুলেই গেছিলাম, এতো আর আমাদের সেই ময়দান না) ক্লুলেসলি সারি সারি স্টলের বহিরঙ্গ স্ক্যান করে বেড়াতে হবেনা।
৩। স্ক্যানিং পর্ব শেষে যে স্টলখানিতে প্রবেশ করলেন সেটিতে একটিও পছন্দসই বই না পেয়ে স্ত্রীর ভ্রূকুটিসমেত গনা শুনতে শুনতে ও পু-কন্যার ব্যাজার মুখ দেখতে দেখতে ততোধিক ব্যাজার মুখে বেরিয়ে আসতে হবে না।
৪। এরপর বিনাবাক্যব্যয়ে স্ত্রীর পছন্দের স্টলটিতে দেড়ঘন্টা ব্যাপী লাইন দিয়ে ঢুকে , সকলেরই তাদের পছন্দের এবং পছন্দের অতিরিক্ত বেশি বেশি বই পেয়ে যাওয়া এবং সেগুলির ইন্ডিভিজুয়াল ও সম্মিলিত দামটিও বেশ বেশিরকমের বেশি হবার ফলে আপনাকে মোটামুটি বাকি বছর বিনা সিগারেটে কাটিয়ে বাজেট ম্যানেজের কথা ভাবতে হবে না।
৫। চারটি দোকান ঘুরে টুরে, রেট ফেট দেখে টেখে, একটি বই কিনে ফেলে মুখমল যখন ভরে যাচ্ছে পরিতৃপ্তিতে ও মুখগহ্বর সিগারেটের সুখটানের ধোঁয়ায়, তখনি, ঠিক তখনি, ঠিক সামনের স্টলটির বাইরে ঐ বইটির আরো কম দামে পাওয়া যাবার বিপন দেখে সিগারেটটা চটিতে পিষে চাট্টি গালি পাড়ার ইচ্ছে হবেনা।
৬। না-কিনলেও চলতো এমন এমন বই কিনে ব্যাগ ভারি ও পকেট খালি করার পর (অ্যালোকেটেড বাজেট নিঃশেষ করার পর) না-কিনলেই নয় বইয়ের দেখা পেয়ে চুল ছিঁড়তে হবেনা।

.....ইত্যাদি, ইত্যাদি, যাকে বলে এন্ডলেস লিস্ট।

আমাদের বাছাই

আগেই বলা হয়েছে, সারা বইমেলার সহস্রাধিক স্টল (শিতাধিক বিপন থেকে) থেকে চা পাতার মত বেছে বেছে আমরা তুলে এনেছি তিনখানি স্টল, দুটি পাতা ও একটি কুঁড়ি।

আমাদের বাছাই পাতা দুটিঃ
১। নারায়ণ পুস্তকালয়।
স্টল নং ৩১৫। পার্ক সার্কাস ময়দানের দিকের গেট।
'সেরা সেরা লেখকদের নতুন লেখা বেশ কিছু অথেন্টিক বই, উপন্যাস ও ছোটদের বড়দের বিভিন্ন স্বাদের বইয়ের অনন্য সম্ভার' ।

২। কামিনী প্রকাশালয়
স্টল নং ৬২৭
৫, নবীনচন্দ্র পাল লেন, কলকাতা-৯

এবং কুঁড়িটি, (কুঁড়ি, কারণ এনাদের স্টল নং এখনো জানা যায়নি)
৩। রিফ্লে পাবলিকেশন।

কী কিনবেন, কেন কিনবেন, কোথায় কিনবেন।

ক। প্রথম স্টল। নারায়ণ পুস্তকালয়।

পু-কন্যার জন্য :
শুরু করা যাক শ্রী শ্রী রবীন্দ্রনাথ ঠাকুরকে দিয়ে। রবীন্দ্র রচনাবলী তো আপনি অনেক জায়গাতেই পেতে পারেন কিন্তু নারায়ণ পুস্তকালয়ে যেটা ইউনিক ও আপনার জন্য ভালো ব্যাপার, সেটা হল, আপনি পাচ্ছেন, 'ছোটদের সমগ্র রবীন্দ্র রচনাবলী'। মা একশ চল্লিশ টাকায়। পু কন্যার এই স্কুলজীবন পর্বে রবি ঠাকুরের লেখাপরের উপযোগিতা নিয়ে চর্বিতচর্বণ করে আপনার ও আমাদের সময় নষ্ট করতে চাইনা। ও না জানলে আপনার জীবন চার আনাই ফাঁকি থেকে গেছে। এ ব্যাপারে নারায়ণ পুস্তকালয় জনিত বিশেষ সুবিধেগুলো শুধু বলে নিই। নারায়ণ পুস্তকালয় থেকে ছোটোদের রবীন্দ্র রচনাবলী কিনলে সুবিধে হলঃ ১। সমগ্র রচনাবলীর থেকে অনেক কম দামে হয়ে গেল। ২। এতে করে আসল যেটা সুবিধা, সেইটি হল, সমগ্র রচনাবলী বাড়িতে রাখার তুলনায় আপনাকে টেনশন অনেক কম করতে হচ্ছে। পাড়ার রবীন্দ্র নজরুল সন্ধের জন্য কন্যাকে 'মাতার আহ্বান' শেখানোর সময় কিম্বা পুরে ইস্কুলে পুজোর ছুটির আগে 'ছুটি' অভিনীত হওয়া উপলক্ষে রচনাবলী ঘাঁটতে গিয়ে পাতা উল্টে 'বিবসনা', 'চুম্বন', 'স্তন' এইসব কবিতা পড়ে

ফেললো কিনা এসব দিকে নজর দিতে হচ্ছেনা। গল্প - উপন্যাস গুলোতেও তো আর পাকিয়ে দেবার মতন মেটেরিয়াল কম নেই ! তো, সেন্সর শিপের পিছনে আপনাকে কোনো সময় ব্যয় করতে হচ্ছে না। ৩। সময় ই শুধু না, আমরা আপনার অনেক টাকাও কিন্তু এভাবে করা হল। একে তো গোটা রচনাবলী কিনতে হলনা। আর একটু বাঁকা চোরা হিসেব করলে এও দেখবেন, সব অসুখ বিসুখ ই আসলে টেনশন থেকে হয়। সে সব যোগ করলে আপনার বিপুল পরিমানে অর্থ সাশ্রয় হল।

এতে যদি মন না ভরে, মানে আপনি যদি একটু অল্পেতে খুশি হবেন না গোরে পাবলিক হন, মা একখরে রচনাবলীতে বুককেস ফিকা ফিকা ফাঁকা ফাঁকা লাগবে বলে খুঁতখুঁত করেন, সেক্ষেত্রেও নারায়ণই স্মর্তব্য। এই নারায়ণ পুস্তকালয়েই আপনি পাবেন,'তিনখন্ডে শরৎ রচনাবলী'। এক্ষেত্রে নারায়ণ স্পেশাল টাচটি এইরূপঃ এখানে, এবং কেবলমা এখানেই আপনি সেটা পাবেন 'খুব বেশি কমিশনে'। অর্থাৎ আবার কিছু সেভিংস। আর, দেবদাস, ডেভ-ডি র পর থেকে শরৎবাবুও এখন হেব্বি ইন থিং। এরপর ও যদি দাদা রবীন্দ্র রচনাবলী নিয়ে স্টিক করে থাকেন তবে কী আর বলবো! গিন্নির দাবী হলে অবশ্য আলাদা কথা, ওটাকে আমরা সম্মান করবো। ঠিক আছে, ওটার ব্যবস্থা হবে, একটু পরে, অন্য। তবে হ্যাঁ, রচনবলী কিনবো মনস্থ করেই ফেললে এই 'ছোটদের সমগ্র রচনাবলী' কেনা কিন্তু রিডান্ডেন্ট হয়ে যাচ্ছে, এইটি মাথায় রাখবেন। গোটা রচনাবলী কিনতেই পারেন, সেক্ষেত্রে ছেলেমেয়েকে একটু বেশি নজরে নজরে রাখতে হবে, এই যা।

আর একটা কথা মনে রাখবেন। শুধু রবীন্দ্রনাথ দিয়ে আজকাল চলে না। রবীন্দ্র জয়ন্তীতে রবীন্দ্রনাথ, ঠিক আছে। কিন্তু এই ইস্কুল হোক কি পাড়ার ক্লাব, কমপিটিশন টন গুলোতে রবিঠাকুর আউড়ালে প্রথমেই ব্যাকডেটেড ট্যাগ পেয়ে অনেকটা পিছিয়ে পড়তে হবে। সেখানে কাটিং এজে থাকতে হলে, প্রতিবেশী, ইস্কুলের দিদিমণি, কম্পিটিশনের জাজ ইত্যাদিকে চমকে দিতে হলে, আপনার পু কন্যাকে স্টেজে উঠে অমুক কবির অমুক কবিতা আবৃ করিতে হবে। কোন কবির কোন কবিতা আবৃ করিতে হবে সেটা জানতে তো নারায়ণ পুস্তকালয় নিয়ে এসেছেন, 'ছোটদের আবৃরি সেরা ছড়া ও কবিতা'।

কি বললেন ? ছেলে এখন আর সেই ছোটোটি নেই ? আরে, একটু নেড়েচেড়ে দেখবেন তো দাদা ! চোখ খোলা রাখুন। আপনি বই কিনতে এসেছেন, কোনো বিশেষ ব্র্যান্ডের হোসিয়ারী দ্রব্য নয় যে চোখ বন্ধ করে কেনাকাটা করবেন। হ্যাঁ, তো চোখ খুলে দেখুন, পাশেই আলতো করে উঁকি মারছে, আবৃরি বাছাই ৫০০ ছড়া ও কবিতা' । এবার এদুটির মধ্যে কোনটি কিনবেন, সে সিদ্ধান্ত আপনাকে অকুস্থলে নিতে হবে। 'ছোটদের সমগ্র রবীন্দ্র রচনাবলী' র সাথে মিলিয়ে দেখুন, 'ছোটদের আবৃরি সেরা ছড়া ও কবিতা' তে খুব বেশি কমন পড়ে যাচ্ছে কিনা। তবে এসব সূক্ষ্ম কাজ ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আপনার স্ত্রীর উপরেই ছাড়ুন।

এবং সেই সময়টিতে আমাদের ছকে দেওয়া এফিসিয়েন্ট টাইম ম্যানেজমেন্ট স্কীম অনুসরণ করে ঐ সময়ে আপনি পাশের টেবিলটাতে গিয়ে কিনে ফেলুন, ডি পি ভট্টাচার্য ও এস এন মল প্রণোদিত 'সহজ পদ্ধতিতে নিজে কম্পিউটার শিখুন'। যাতে আছে এম এস ডস/এম এস অফিস/পেইন্ট ব্রাশ / নোটপ্যাড / এ পি/উইনডোজ ৯৮/বেঙ্গলী ফন্ট/মিউজিক এন্ড মুভিজ/প্রিন্টিং/এস্কানি/স্ক্রীন সেভার/অ্যান্টি ভাইরাস/ইন্টারনেট ব্রাউজিং ১,২। কেন কিনবেন, যদি না জেনে থাকেন, তবে আপনার জীবন আট আনাই ফাঁকি। কোন টেবিল বুঝতে পারছেন না ? ঐ যেটাতে প্রসেনজিত সেনের বেশ কয়েক কপি 'কি করে ইন্টারভিউ দেবেন' সামনেই সাজানো আছে। তবে, এটা শুধু দেখার জন্য। ইন্টারভিউ দেবার দিন আপনার গিয়াছে। এই বইটা তাই আপনি মোটেও কিনছেন না। কেনার জন্য ঐ টেবিলেই পাচ্ছেন, পৃথ্বীরাজ সেনের সম্পূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স , ওয়ার্ল্ড ক্যুইজ সমগ্র। ক্যুইজের বই অলরেডি আছে বাড়িতে ? অভিজিৎ সেনগুপ্তর মডার্ণ সায়েন্স ক্যুইজ সমগ্র দেখতে পারেন। আমাদের সাজেশন অবশ্য ,ডঃ অলোক সেনের একটি বই। মা একশোটি টাকার বিনিময়ে আপনার ছেলেমেয়ে জেনে যাবে, 'কেন এমন হল ও কি করে হয় (সুনামি সহ)' ।

ফুল ফ্যামিলির জন্য আমাদের পরবর্তী পছন্দ :

কুমার সিদ্ধার্থর 'হস্তরেখা বিচার' ও নীলমাধব দাসের 'যোগ আসনে রোগ আরোগ্য' । কেন কিনবেন, যদি না জেনে থাকেন, তবে আপনার জীবন বারো আনাই বৃথা। তবু একটু ছোটো করে বলা যাক। সারা দিন মান জ্যোতিষ চ্যানেলের দৌলতে সেখানে আপনার স্ত্রীর মধ্যে যেখানে এখন গ্রহ নক্ষ স্যাভি হয়ে ওঠার সম্ভাবনা সুপরিস্ফুট, এবং জ্যোতিষসম্রাট আনন্দলাল, পুলক মহারাজ, দেবযানীমাতা এনাদের সাথে আপনার প্রোমোশন, ফ্ল্যাট কেনা, পুরে অন্যমনস্কতা ও কন্যার তিন মাস ধরে ওজন বাড়া না ইত্যাদি নিয়ে দূরভাষিক কন্সালটেশনের পর গোমেদ, রুবি, পীত পোখরাজ, রুমুখী নীলা, চুনির আংটি ও তাবিজের একটা লিস্ট ধরিয়ে দিয়েছেন আপনার হাতে, তখন আপনি আর কী ই বা করতে পারেন ? 'নিজের কোষ্ঠী নিজেই দেখুন' কিনতে পারেন। উন্নত বামফ্রন্টকে পরাস্ত করতে পারে একমা উন্নততর বামফ্রন্ট, এসব যেমন পুরানো ও ব্যর্থ বুলি হয়ে গেছে, তেমনি স্ত্রীর ফান্ডাকে কাটতে আপনাকে অর্জন করতে হবে অধিকতর ফান্ডা, দেখতে হবে আরো বেশি বেশি চ্যানেলে আরো বেশি বেশি জ্যোতিষচর্চার আসর, এসব ও আদতে মিথ। সারাদিন আপিস করবেন না ঐসব করবেন ? ওটা আপনার পক্ষে সম্ভব নয়। এর আগে 'নিজের কোষ্ঠী নিজেই দেখুন' জাতীয় বই থেকে ফা্যা লাভ করে স্ত্রীকে বোঝাতে গেছিলন, মঙ্গল কুপিত হলে রুবির কাজ পলাতেও সারতে পারে,

হীরা-চুনি-পান্নার কম্বো এফে অষ্টধাতুর একটি সিংগল আংটিতেও আনা সম্ভব এই সব ফান্ডা দিয়ে খুব একটা লাভ হয়নি। এখন আপনার পক্ষে যা সম্ভব, তা হল উন্নততর বামফ্রন্টের বদলে নিয়ে আসা, পরিবর্তন। মাধ্যম পরিবর্তন করুন। কোষ্ঠীকে কাটুন হস্তরেখা দিয়ে। আপনার ভাগ্য আপনার হাতে। এই ৭৫ টাকার বই আপনাকে দেবে সেই পরিবর্তিত ফান্ডা , সেই রেমন্ডস আত্মবিশ্বাস, যা আপনাকে আপনার স্ত্রীকে কনভিন্স করাতে সাহায্য করবে জ্যোতিষাচার্য অর্ণব যেটিকে শনির সাড়ে সাতী দশা বলেছেন, সেটি আসলে কেতুর সাময়িক প্রভাব। এই বলয়গ্রাস সূর্যগ্রহণের দেড় মাসের মধ্যেই সেটা কেটে যাবে, নীলা ধারণ অপ্রয়োজনীয়।

নোট করে রাখুন, এই লেখকের ই আরেকটি বই আছে, 'ভারতীয় বাস্তুবি্ান ও চীনা ফেংশুই'। এখনি কেনার দরকার নেই, তবে হস্তরেখার ব্যাপারে আপনার জন্য যদি কুমার সিদ্ধার্থ ভাল স্যুট করে যান, মানে ফ্ল্যাট টা এখনকার ঝুটঝামেলা কাটিয়ে আর বছর দুয়েকের মধ্যেই পজেশনে আসার মত পজিশনে চলে আসে, তখন ঐ বইটি আপনার কাজে লাগবে।

এবার একটু যোগ। শ্রী রামদেব যখন যোগাভ্যাসের ভাল অভ্যেসটা ধরিয়েই দিয়েছেন আপনার গিন্নিকে, তখন নীলমাধব দাসের 'যোগ আসনে রোগ আরোগ্য' টা আমরা কিনে রাখতে সাজেস্ট করবো। কারণ গিন্নি এই অভ্যেসটি আপনাকে করাতে চাইছেন। কারণ আর কিছুই না, যোগ তো আর বিয়োগ কিম্বা হিন্দি ফিল্মের গান নয় যে একবারেই শিখে ফেলবেন ! নাকি সাত সকালে উঠে বাবার কাছে যোগ শিখবেন ? সে বয়স কি আর আছে ? কিন্তু সদ্য হেলথ ফ্রিক হওয়া গিন্নি আপনাকে তা করিয়েই ছাড়ছেন, এ খবর আমরা পেয়েছি। সেজন্যই এই বইটি আমরা রেকো করছি। বইটির অথেন্টিসিটি সুবিদিত। তাছাড়া সচি এই পুস্তকখানি দৃষ্টিসুখকরও বটে।

রামদেববাবা দেখার আরেকটি সাইড এফে হয়েছে, আয়ুর্বেদ । তবে বৈজয়ন্তী রায়ের 'নিজের স্বাস্থ্য নিজের হাতে' না কিনে আমরা পরের স্টল অব্দি অপেক্ষা করতে বলবো। তবে আর কে রাহার Side by side Speaking Course , 'ইংরেজীতে কথা বলতে শেখার একমা অত্যাধুনিক বই' - এটি একটি মাস্ট হ্যাভ। কারণটা সেল্ফ -এপ্ল্যানেটরি।

এক্সুসিভলি গিন্নি স্পেশাল সাজেশন :

ডঃ এন ব্যানার্জীর 'ঘরে বসে মাসরুম চাষ' , অনিন্দিতা সেন বিরচিত 'নিজের সৌন্দর্য নিজের হাতে' ও মাস্টার খান মহাশয়ের 'আধুনিক সেলাই কাটিং ও মেসিনে উলবোনা শিক্ষা , (প্রচুর রঙীন ছবি সমেত)', টবে ফল ও সবজির চাষের সহজ উপায় (অসংখ্য রঙিন ছবি সমেত)। এই অব্দি পড়ে আপনি যদি আপনার পকেট কাটার ক্ষে ই কেবল প্রস্তুত হতে দেখেন আর সেই হেতু আমাদের আমাদের গাল পাড়ার জন্য প্রস্তুতি নিতে থাকেন তো কী আর বলবো দাদা ! বলব, আপনার জীবনের ষোলো
আনাই বৃথা এবং বলব আমাদের আপনি হতাশ করলেন ।

আসলে খরচ নয়, আপনি প্রকৃত প্রস্তাবে এক ঢিলে দুই পাখি মারলেন। লক্ষ্য করবেন, 'টবে ফল ও সবজির চাষের সহজ উপায়' (অসংখ্য রঙিন ছবি সমেত) এর ঠিক পাশেই আছে 'টবে ফুল চাষের সহজ উপায়' (অসংখ্য রঙিন ছবি সমেত)। সেটা কিন্তু আমরা নিতে বলিনি। যে ফল আর সব্জি আপনার গিন্নি চাষ করবেন, তা তো আপনার ভোগেই লাগবে শেষ পর্যন্ত। তাই না ? তবে এটা ঠিক, যে, টবে ঐ টমাটোটা, লাটা, মুলোটা ফলিয়ে আপনি যে বাজার বাবদ বিশাল কিছু সেভ করবেন তা নয়। যেটুকু যা করবেন, তার সবটাই, এমনকি একটু বেশিও চলে যেতে পারে সারের পিছনে। কিন্তু এতে করে যেটা মেইন লাভ সেটা হল, সংসারে সাশ্রয় করছেন, এরকম একটা ফিল গুড ব্যাপার আপনার স্ত্রীর মধ্যে জারিত করবেন। একটা আত্মবিশ্বাস। এটা টাকা দিয়ে মাপতে যাবেন না। মাপা যায় না।

আর বাকি বইগুলো পিওর ইনভেস্টমেন্ট। এই তিনখানি বই বাবদ আপনার ইনভেস্টমেন্ট কত হচ্ছে ? (হ্যাঁ, ঠিক ই বলছি। ইনভেস্টমেন্ট । কেন, জানার জন্য পরের প্যারা পড়ুন।) ২০০ র বেশি না।
এবার ভেবে দেখুন , কত সেভ করতে পারছেন বা কত রিটার্ন পেতে পারেন। গিন্নির (এবং ক'দিন বাদে কন্যার ও) মাসিক পার্লারে যাবার বিল , তারপর ....ধুর ! এগুলো আর বলার দরকার আছে কি ? দাদা, আপনি তো বুদ্ধিমান।

সাধে কি আর 'প্রত্যেক পাঠকের ই প্রথম পছন্দ নারায়ণ পুস্তকালয়' ?

এই স্টলে কেনাকাটি মোটামুটি শেষ। শুধু 'এবছরের সেরা উপন্যাস' প্রীতিপাল চৌধুরীর 'বিকেলে ভোরের বৃষ্টি', অসীম বন্দ্যোপাধ্যায়ের 'শুধু তোমারই জন্য' কিনে রাখতে পারেন। নিজেদের পড়া হয়ে গেলে পাড়ায় কারুর বিয়েতে বা বন্ধুবান্ধবদের বিবাহবার্ষিকীর উপহার হিসেবে দিয়ে দিতে পারেন। গিন্নি এরপরও ডঃ অলোক সেনের (হ্যাঁ, এনার ই 'কেন এমন হল' বইটি কিনেছেন আপনি, 'ঈশপের গল্প', 'প্র্যাকটিস অব মেডিসিন' ও 'কালিদাস রচনা সমগ্র' নিয়ে এনার ই বই দেখেছেন) 'চলো যাই ভ্রমণে'

(সমগ্র ভারত ভ্রমণ) কেনার আব্দার করতে পারেন। কোথায় যাবেন, কীভাবে যাবেন, কী কী দেখবেন, কোথায় থাকবেন, কারেন্ট হোটেল রেট ও হলিডে হোমের খোঁজ বিভিন্ন তথ্য সমেত এই বইটি মন্দ না, তবে এর জন্য আমরা অন্য একটা বই সাজেস্ট করবো। পরের স্টলে। কেন, সে গেলেই বুঝতে পারবেন। আপাতত ভরসা রাখুন আমাদের উপর।

হ্যাঁ, ক্যাশে যাবার সময় এই দুটি বই আপনার নজরে পড়েছে জানি,শ্রীযুক্ত সুনীল গঙ্গো : সম্পা : 'পরকীয়া প্রেমের একাল সেকাল' ও পৃথ্বীরাজ সেনের (ক্যুইজ সমগ্র ও ছোট ছুটির মিষ্টি ভ্রমণ খ্যাত লেখক) 'সচি সহস্র এক আরব্যরজনী'। কিন্তু আন্ডা বাচ্চা নিয়ে তো আর কঠোরভাবে প্রাপ্তবয়স্কদের জন্য' চিরন্তন রসের মধুর কাহিনী প্রচুর আকর্ষণীয় ছবি 'র দিকে হাত বাড়ানো যায় না, তাই ওসব দিকে না তাকিয়ে মন দিয়ে ক্যাশমেমোটা ই মিলিয়ে দেখে নিন, সব ঠিকঠাক আছে কিনা। এই ব্যাপারটা আমাদের মাথায় রইলো।

২ ফেব্রুয়ারি, ২০১০

(আগামী সংখ্যায় সমাপ্য)

এই বিভাগ/লেখাটি সম্পর্কে আপনার মতামত দিন।